রাজশাহী সিটি কর্পোরেশন
রাজশাহী

সাধারণ প্রশাসনিক শাখা
erajshahi.portal.gov.bd

রাজশাহী সিটি কর্পোরেশনের সার্বিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার লক্ষ্যে 'স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) (সংশোধন) অধ্যাদেশ, ২০২৪' এর ধারা ২৫(ক)(২) মোতাবেক সরকার কর্তৃক গঠিত কমিটির ৪র্থ সভার কার্যবিবরনীঃ

| | | |
|---|---|---|
| সভার তারিখ | ঃ | ০২ মার্চ ২০২৫ |
| সময় | ঃ | বেলা ১১:০০ ঘটিকা |
| স্থান | ঃ | সিটি হল সভাকক্ষ |

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা ঃ "ক"

পবিত্র কালামেপাক হতে তেলোয়াতের মাধ্যমে সভার কার্যক্রম শুরু করা হয়।

সভার শুরুতে সভাপতি স্থানীয় সরকার কর্তৃক কর্পোরেশনের সার্বিক কার্যক্রম পরিচালনার জন্য গঠিত কমিটির সদস্য হিসেবে আমন্ত্রিত কর্মকর্তাগণকে ৪র্থ সভায় উপস্থিত থাকার জন্য শুভেচ্ছা জানান। বিভাগীয় কমিশনার ও প্রশাসক হিসেবে আজই তার প্রথম সভা। সভাকে তিনি অবহিত করেন যে, গ্রীণ সিটি, ক্লিন সিটি হিসেবে রাজশাহী সিটি কর্পোরেশনের সুনাম আছে। এই সুনাম ও সৌন্দর্য্য যেন নষ্ট না হয় সে জন্য সদস্য/কাউন্সিলরসহ কর্পোরেশনের কর্মচারীদের আন্তরিকতার সহিত কাজ করতে হবে। অতঃপর সভাপতি আলোচ্যসূচিভিত্তিক আলোচনার জন্য সভায় উপস্থিত সকলের সহযোগিতা কামনা করে সভার কার্যক্রম শুরু করেন।

**আলোচ্যসূচি- ১ ঃ গত ০১ ডিসেম্বর ২০২৪ তারিখে অনুষ্ঠিত গঠিত কমিটির ৩য় সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ পাঠ ও দৃঢ়ীকরণ।**

সিদ্ধান্ত ঃ গত ২৮-১১-২০২৪ তারিখে অনুষ্ঠিত এবং অর্থ ও সংস্থাপন স্থায়ী কমিটির ০৩ নং পৃষ্ঠায় বিবিধ ০৯ নং আলোচ্যসূচির বিপরীতে 'খ' নং সুপারিশে ভাড়া নির্ধারণের ক্ষেত্রে "পাঁকা আবাসিক" এর স্থলে "আধা পাঁকা বাণিজ্যিক" শব্দটি প্রতিস্থাপনপূর্বক গত ০১ ডিসেম্বর ২০২৪ তারিখে অনুষ্ঠিত গঠিত কমিটির ৩য় সভায় গৃহীত অন্যান্য সিদ্ধান্তসমূহ পাঠান্তে দৃঢ়ীকরণ করা হয়।

বাস্তবায়নে ঃ বিভাগীয় প্রধান (সংশ্লিষ্ট), রাজশাহী সিটি কর্পোরেশন।

**আলোচ্যসূচি- ২ ঃ** শিক্ষা, স্বাস্থ্য, পরিবার পারিকল্পনা স্বাস্থ্যরক্ষা ব্যবস্থা স্থায়ী কমিটির গত ১৪-১১-২০২৪ **তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।**

**আলোচনাঃ আলোচনায় প্রকাশ পায় যে,** মাইক্রোস্কোপ (এল ই ডি) পাওয়া গেছে। বর্তমান তার আর প্রয়োজন নাই। এছাড়াও প্রধান স্বাস্থ্য কর্মকর্তা পদটি ৫ম গ্রেডে উন্নীতকরনের বিষয়ে অনুমোদিত সাংগঠনিক কাঠামোতে অন্যান্য পদের সাথে সামঞ্জস্য রেখে প্রচলিত বিধি বিধান অনুসরণ করতে হবে। সেক্ষেত্রে ৫ম গ্রেডে উন্নীতকরণের বিষয়ে ব্যাপক পর্যালোচনা করে সুপারিশ গ্রহণের জন্য অর্থ ও সংস্থাপন স্থায়ী কমিটিতে উপস্থাপনের বিষয়ে সভায় একমত পোষন করা হয়।

**সিদ্ধান্ত ঃ** উপরোক্ত সংশোধনীসহ গত ১৪-১১-২০২৪ তারিখে অনুষ্ঠিত শিক্ষা, স্বাস্থ্য, পরিবার পারিকল্পনা স্বাস্থ্যরক্ষা ব্যবস্থা স্থায়ী কমিটির সভার গৃহীত ০৩ (তিন) টি সুপারিশসমূহ অনুমোদনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। বাস্তবায়নে ঃ প্রধান স্বাস্থ্য কর্মকর্তা, রাজশাহী সিটি কর্পোরেশন।

**৩। কর্পোরেশনের দাপ্তরিক প্রয়োজনে কম্পিউটার/ইলেক্ট্রিক্যাল সামগ্রী ক্রয় এবং ফুটপাত সংলগ্ন ড্রেনের ঢাকনা প্রতিস্থাপন প্রসঙ্গে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।**

(ক) আলোচনায় প্রকাশ পায় যে, রাজশাহী সিটি কর্পোরেশনের প্রকৌশল বিভাগসহ অন্যান্য বিভাগের দাপ্তরিক ব্যবহার এবং প্রকৌশল কার্যক্রম যেমন নকশা তৈরী, প্রাক্কলন প্রস্তুতকরণ, থ্রিডি মডেলিংসহ বিভিন্ন অফিসিয়াল নথি পত্রের ডাটা তৈরী করার জন্য কম্পিউটার অত্যাবশকীয়। গত ০৫ আগস্ট ছাত্রজনতা গণঅভ্যুথানের সময় ও পরবর্তীতে সারা দেশের ন্যায় নগরভবনসহ রাজশাহী সিটি কর্পোরেশনের নিজেস্ব স্থাপনায় ভ্যাংচুর, অগ্নিসংযোগ, লুটপাট সংগঠিত হয়। এতে করে অন্যান্য মালামালসহ ১৭৩টি কম্পিউটার ও ১০৩টি প্রিন্টার লুট হয়ে যায়। বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের সাথে সংশ্লিষ্ট ছাত্র সমন্বয়কগণ ও শিক্ষার্থীদের সহযোগিতায় ১৩২টি কম্পিউটার ও ৫৫টি প্রিন্টার উদ্ধার হয়েছিল। সেগুলি নাজুক অবস্থায় ব্যবহৃত হচ্ছে। অপ্রতুলতা ও বিশেষ চাহিদা বিবেচনায় ৩১টি কম্পিউটার ও ২৩টি প্রিন্টারের চাহিদা পাওয়া গেছে। এ চাহিদা পূরণ হলে প্রকৌশল বিভাগসহ অন্যান্য বিভাগের দাপ্তরিক ও প্রযুক্তিগত কাজের সুবিধা ও গতিশীলতা বৃদ্ধি পাবে। বর্তমান চাহিদা অনুযায়ী আপাতত ১৯টি সিপিইউ, ২৫টি মনিটর, ১৪টি প্রিন্টার, ৩টি স্ক্যানার, ১১টি ইউপিএস ও ২টি মাউস কিবোর্ড কম্বো ইত্যাদি ক্রয়ে সম্ভাব্য ব্যয় ২৫.০০ (পঁচিশ) লক্ষ

টাকার মধ্যে সীমাবদ্ধ থাকবে। সে প্রেক্ষিতে আলোচ্য কম্পিউটার ও অন্যান্য মালামালসমূহ ক্রয়ের বিষয়ে সভায় সকলে একমত পোষন করেন।

(খ) তত্ত্বাবধায়ক প্রকৌশলী ফুটপাথ সংলগ্ন ড্রেনের ঢাকনা প্রতিস্থাপন প্রসঙ্গে বলেন যে, ঐ একই সময়ে ও তৎপরবর্তীতে মহানগরীর প্রধান সড়কসহ অধিকাংশ সড়কের ফুটপাথ/ড্রেনের ঢাকনা/স্ল্যাব চুরি হতে থাকে। এ বিষয়ে থানায় অভিযোগ দাখিলকরা হয়েছে। নগরবাসীর নিরাপদ চলাচল ও দুর্ঘটনা প্রতিরোধে স্ল্যাবগুলি পুনঃস্থাপন করার জন্য বিভিন্ন সংবাদপত্র, টিভি চ্যানেলে একাধিক বার রির্পোট হয়েছে। কাটাখালি-তালাইমারী, পারিজাত লেক হতে নওদাপাড়া, বন্ধগেট হতে সিটিহাট ইত্যাদি বিভিন্ন সড়কে ড্রেনের ঢাকনা লুট হয়েছে। বন্ধগেট হতে সিটিহাট সড়কে ড্রেনের ধারে ঢাকনা স্ল্যাব পুনঃস্থাপনে ডেকোরেটিভ উন্নতমানে প্লাস্টিক ফাইবার দ্বারা তৈরী ৭০০টি স্ল্যাব ক্রয় ও স্থাপন বাবদ ১,৬৪,৫৩,৮৯২.০০ টাকা সম্ভাব্য ব্যয়হবে। অন্যান্য সড়কে আরসিসি ঢালাই দ্বারা ৫০০টি ঢাকনা স্ল্যাব পুনঃস্থাপনে ২২,৮৫,২৯১.৬১ টাকা ব্যয় হবে। এ দুই ধরনের ঢাকনা/স্ল্যাবের প্রস্তাব করা হলেএ লজিইডি এর নির্বাহী প্রকৌশলী জনাব মোস্তাক আহমাদ বলেন ব্যয় সাশ্রয়ে আরসিসি ঢালাই দ্বারা স্ল্যাব তৈরী করা গেলে এটির স্থায়িত্ব এবং চুরির হাত থেকে রক্ষা হবে বলে আশা করা যায়। এতে ব্যয়ও কম হবে। এতে করে সর্বমোট ১২০০ টি স্ল্যাব তৈরীতে সম্ভাব্য ৭৮.০০ (আঠাত্তর) লক্ষ টাকা ব্যয় হতে পারে। PPR-2008 অনুসরণে রাজশাহী সিটি কর্পোরেশনের উন্নয়ন/নিজেস্ব তহবিল হতে এ ব্যয় হতে পারে। জনস্বার্থে দ্রুততার সাথে কাজগুলি বাস্তবায়নের জন্য সভার সকলে একমত পোষণ করেন।

**সিদ্ধান্তঃ**

(ক) রাজশাহী সিটিকর্পোরেশনের প্রকৌশল বিভাগসহ অন্যান্য বিভাগের দাপ্তরিক ব্যবহারের জন্য ২৫.০০ (পঁচিশ) লক্ষ টাকা ব্যয়সীমার মধ্যে পিপিআর-২০০৮ অনুসরণে প্রকৌশলী বিভাগের বিদ্যুৎ শাখার মাধ্যমে উল্লিখিত কম্পিউটার ও কম্পিউটার সামগ্রী দ্রুত ক্রয়ের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

(খ) পিপিআর-২০০৮ অনুসরণে OTM- এমহানগরীর গুরুত্বপূর্ণ প্রধান সড়কের ফুটপাত/ড্রেনের ১২০০টি ঢাকনা/স্ল্যাব স্থাপনে আপাতত ৭৮.০০ (আঠাত্তর) লক্ষ টাকা ব্যয় সীমার মধ্যে জনস্বার্থে দ্রুত স্থাপনের জন্য দরপত্র আহবানের বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

৪। নগর ভবন সংস্কার প্রসঙ্গে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

আলোচনা : আলোচনায় অংশগ্রহণ করে প্রশাসক মহোদয় আক্ষেপের সাথে বলেন, আমার যোগদানের প্রায় তিন মাস অতিবাহিত হলেও ক্ষতিগ্রস্থ ও অগ্নিকান্ডে ভস্মীভূত মেয়র/প্রশাসক অফিসটিতে বসার ব্যবস্থা করতে পারেননি। এ বিষয়ে প্রকৌশল বিভাগের তত্ত্বাবধায়ক প্রকৌশলী'র নিকট জানতে চাইলে তিনি বলেন যে, ডিসেম্বর ২০২৪ এর শেষের দিক মেয়র/প্রশাসক অফিসের একাংশের থাইগ্লাস, থাইপার্টিশন, জানালা, ছাদেও সিলিং, প্লাস্টার, রং কর, দরজা, টাইলস ইত্যাদির জন্য প্রায় ২০.০০ (বিশলক্ষ) টাকা ব্যয়ে দু'টি নথিতে পিপিআর-২০০৮ এর আরএফকিউ পদ্ধতিতে কাজের উদ্যোগ গ্রহণ করা হলেও এ জাতীয় ছোট ছোটকাজের জন্য অধিক সংখ্যক ঠিকাদারের অনৈতিক উৎপাত পরিহারে এবং মিডিয়াও দুদকে রপ্রশ্নের সম্মুখীন হওয়ায়" যতটুকু কাজ সম্পন্ন হয়েছে ততটুকুবাদ দিয়ে অবশিষ্ট কাজগুলি উন্মুক্ত দরপত্র পদ্ধতিতে বাস্তবায়নের সিদ্ধান্তরগৃহীত হয়"। ইতোপূর্বে অগ্রাধিকারদিয়ে মেয়র/প্রশাসক অফিসের বৈদ্যুতিক কাজের উন্মুক্ত পদ্ধতিতে দরপত্র আহবান করা হয়েছে। এছাড়া মেয়র/প্রশাসক কক্ষের গৃহীত কাজ গুলির মধ্যে শুধু রং করণ কাজ ও ফার্নিচার ক্রয় বাকি রয়েছে। এগুলিসহ মেয়র/প্রশাসক অফিস, স্ট্যাফ, কন্‌ফারেন্স রুম, দর্শনার্থী ও তত্ত্বাবধায় কপ্রকৌশলী কক্ষ ব্যবহার উপযোগী করতে আসবাবপত্র ক্রয়ের জন্য কারিগরি বি-নির্দেশিকা ও নকশা সম্পন্ন হয়েছে। সেই সাথে এর উপরের ফ্লোওে সাধারণ ও সংরক্ষিত কাউন্সিলর গণেরকক্ষসহ গুরুত্বপূর্ণ কর্মকর্তা'র কক্ষের আসবাবপত্র সরবরাহের প্রাক্কলন সম্পন্ন করা হয়েছে। এতে সর্বমোট এক কোটি তিন লক্ষ টাকা ব্যয় হবে।প্রশাসক মহোদয় কতদিনের মধ্যে অফিসে বসতে পারবে এ প্রশ্নের প্রেক্ষিতে তঃপ্রঃ মহোদয় বলেন, আগামী ৪৫ দিনের মধ্যে অগ্রাধিকার দিয়ে মেয়র/প্রশাসক অফিস উন্মুক্ত দরপত্র পদ্ধতিতে অবশিষ্ট সিভিল ওয়ার্ক এবং আসবাবপত্র ক্রয়ের জন্য ৭৩.০০ লক্ষ টাকা ব্যয়ে দরপত্র আহবান, চুক্তি সম্পাদন এবং সংস্কার ও আসবাবপত্র সরবরাহ করা সম্ভব হবে এবং প্রশাসক মহোদয় অফিস করতে পারবেন ইনশাআল্লাহ্ বলে আশাবাদ ব্যক্ত করেন।সাধারণ/সংরক্ষিত কাউন্সিলর কক্ষগুলি যেহেতু এখনই ব্যবহার হচ্ছেনা, সেহেতু সেগুলিসহ সরিৎ দত্ত গুপ্ত নগর সভাকক্ষ, এনেক্স হলরুম, অন্যান্য কর্মকর্তাগণের কক্ষসংস্কার ও আসবাবপত্র ক্রয়ের জন্য ছোট ছোট আকারে ব্যয়না করে পর্যায়ক্রমে ফ্লোরভিত্তিক সিভিল সংস্কার কাজ, হলগুলিতে সাউন্ড সিস্টেম ও বৈদ্যুতিক কাজের জন্য পরবর্তীতে উন্মুক্ত দরপত্রের মাধ্যমে বাস্তবায়নের জন্য উন্নয়ন/নিজস্ব তহবিলে ব্যয় বরাদ্দ রাখা প্রয়োজন।এতে সভায় উপস্থিত সকলে একমত পোষন করেন।

**সিদ্ধান্তঃ**

(ক) অগ্রাধিকার ভিত্তিতে মেয়র/ প্রশাসক অফিস, স্ট্যাফ, কন্‌ফারেন্সরুম, দর্শনার্থী ও তত্ত্বাবধায়ক প্রকৌশলী কক্ষ ব্যবহার উপযোগী করতে আসবাবপত্র ক্রয়ের জন্য ৫২,৪০,৮৮২.৪৮ (বায়ান্ন লক্ষ চল্লিশ হাজার আটশত বিরাশি টাকা আটচল্লিশ পয়সা) টাকা এবং শুধুমাত্র মাননীয় মেয়র/প্রশাসক অফিস'র রেস্ট হাউস ও অন্যান্য সংস্কার কাজের অবশিষ্ট সিভিল ওয়ার্ক সম্পাদনের লক্ষে সম্ভাব্য ৩৫,০০,০০০.০০ (পয়ত্রিশ লক্ষ) টাকা ব্যয়ে উন্মুক্ত পদ্ধতিতে দরপত্র আহবানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

(খ) সাধারণ/সংরক্ষিত কাউন্সিলর কক্ষগুলি যেহেতু এখনই ব্যবহার হচ্ছেনা, সেহেতু সেগুলিসহ সরিৎ দত্ত গুপ্ত নগর সভাকক্ষ, এনেক্স হলরুম, অন্যান্য কর্মকর্তাগণের কক্ষ সংস্কার ও আসবাবপত্র ক্রয়ের জন্য সিভিল, আসবাবপত্র ও বৈদ্যুতিক কাজের পৃথক পৃথক প্যাকেজে অন্তর্ভুক্ত করেপূর্ণাঙ্গ প্রাক্কলন প্রস্তুত ও উন্মুক্ত দরপত্র পদ্ধতিতে পিপিআর-২০০৮ অনুসরণে দরপত্র আহবানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

৫। ওয়ার্ড পর্যায়ে নাগরিক সেবা নিশ্চিতকরণ প্রসঙ্গে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

আলোচনাঃ আলোচনায় প্রকাশ পায় যে, জন্ম ও মৃত্যু নিবন্ধনে রাজশাহী সিটি কর্পোরেশন পর পর ০৪ বার জাতীয় পর্যায়ে ১ম স্থান অধিকার করেন। কিন্তু বর্তমানে রাজশাহী সিটি কর্পোরেশনে জন্ম ও মৃত্যু নিবন্ধনের সংখ্যা নির্ধারিত সংখ্যার অর্ধেকের কম। গর্ভধারিনী মা এর তার গর্ভকালিন টিকার জন্য নিবন্ধন করেন। জন্ম নিবন্ধনের ক্ষেত্রে ওয়ার্ড ভিত্তিক গর্ভবতী মায়ের ০৩ (তিন) মাসের তালিকার সাথে জন্ম নিবন্ধনের মিল পাওয়া না গেলে দায়িত্বপ্রাপ্ত স্বাস্থ্যকর্মীর বিরুদ্ধে চাকরি বিধিমতে ব্যবস্থা গ্রহণের পক্ষে সহমত পোষণ করেন। এছাড়াও (ক) নাগরিক সনদ, (খ) ওয়ারিশন সনদ, (গ) বিভিন্ন প্রকার প্রত্যয়ণ পত্র, (ঘ) জন্ম-মৃত্যু নিবন্ধন ও সংশোধন, (চ) নতুন ভোটারের প্রত্যয়ন, (ছ) গোরস্থান রশিদে স্বাক্ষরের বিষয়ে নাগরিকগন যেন হয়রানির স্বীকার না হয় সে বিষয়ে লক্ষ্যে রাখার জন্য প্রতিটি ওয়ার্ডের সদস্য/কাউন্সিলরগনের দৃষ্টি আকর্ষন করা হয়।

সিদ্ধান্ত ঃ নিবন্ধিত গর্ভবতী মায়েদের সংখ্যার সঙ্গে ওয়ার্ড ভিত্তিক জন্ম নিবন্ধনের মিল পাওয়া না গেলে দায়িত্বপ্রাপ্ত স্বাস্থ্যকর্মীর বিরুদ্ধে চাকরি বিধিমতে ব্যবস্থা গ্রহণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। বাস্তবায়নে ঃ প্রধান স্বাস্থ্য কর্মকর্তা, রাজশাহী সিটি কর্পোরেশন।

৬। নগর ভবন গ্রীণ প্লাজা চত্বর ব্যবহার প্রসঙ্গে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

আলোচনাঃ আলোচনায় প্রকাশ পায় যে, রাজশাহী সিটি কর্পোরেশনের গ্রীণ প্লাজা চত্বরটি বিভিন্ন সংস্থা/ব্যক্তিকে ব্যবহারের অনুমতি দেয়ার ফলে গ্রীণ চত্বরের পরিবেশ নষ্ট সাথে সাথে শব্দ দূষণ, যানযট পরিলক্ষিত হয়। এর প্রেক্ষিতে গ্রীণ প্লাজা চত্বরটি সৌন্দর্য্য রক্ষায় ভবিষ্যতে ব্যবহারের অনুমতি না দেয়ার বিষয়ে সভায় একমত পোষণ করা হয়। বর্তমানে পবিত্র ঈদ-উল ফিতর উপলক্ষে বস্ত্র মেলা করার অনুমতি দেয়ার বিষয়ে সভায় একমত পোষণ করা হয়। সেক্ষেত্রে কর্পোরেশনের রাজস্ব আয় বৃদ্ধির স্বার্থে প্রতিদিনের ব্যবহার অনুমতি বাবদ ১০,০০০.০০ (দশ হাজার) টাকার স্থলে ১৫,০০০.০০ (পনের হাজার) টাকা ভাড়া নির্ধারণের বিষয়ে সভায় একমত পোষণ করা হয়।

সিদ্ধান্ত ঃ (ক) গ্রীণ প্লাজা চত্বরটি সৌন্দর্য্য রক্ষায় ভবিষ্যতে ব্যবহারের অনুমতি না দেয়ার বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

(খ) পবিত্র ঈদ-উল ফিতর উপলক্ষে বস্ত্র মেলা করার অনুমতি দেয়াসহ প্রতিদিনের ব্যবহার অনুমতি বাবদ ১০,০০০.০০ (দশ হাজার) টাকার স্থলে ১৫,০০০.০০ (পনের হাজার) টাকা ভাড়া নির্ধারণের বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। বাস্তবায়নে ঃ সচিব, রাজশাহী সিটি কর্পোরেশন।

৭। অবসরপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারীদের প্রাপ্য বকেয়া পরিশোধ প্রসঙ্গে।

আলোচনা ঃ আলোচনায় প্রকাশ পায় যে, কর্মচারীদের আনুতোষিক/ গ্রাচুয়েটির অর্থ পরিশোধের ক্ষেত্রে ভবিষ্যতে রাজশাহী সিটি কর্পোরেশন যেন সমস্যার সম্মুখীন না হয় সে জন্য নির্দিষ্ট পরিমান অর্থ এফডিআর করার বিষয়ে সভায় একমত পোষণ করা হয়।

সিদ্ধান্ত ঃ কর্মচারীদের অবসরোত্তর পাওনাদি পরিশোধের সুবিধার্থে এফডিআরকরণের প্রস্তাবসহ অবসরপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারীদের প্রাপ্য বকেয়া পরিশোধের বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। বাস্তবায়নে ঃ বাজেট কাম হিসাবরক্ষণ কর্মকর্তা, রাজশাহী সিটি কর্পোরেশন।

৮। সিটি কর্পোরেশনের চলমান উন্নয়ন প্রকল্প সমূহের অগ্রগতি প্রসঙ্গে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

আলোচনা ঃ চলমান উন্নয়ন প্রকল্প সমূহের অগ্রগতি (ফেব্রুয়ারি ২০২৫ পর্যন্ত) পর্যালোচনা করা হয়। কাজের মান ও পরিকল্পনা সঠিক রেখে নির্ধারিত সময়ের মধ্যে কাজ বাস্তবায়ন সর্ম্পকে গুরুত্বারোপ করা হয়।

নিম্নে প্রকল্পগুলির কাজের অগ্রগতি তুলে ধরা হলোঃ

প্রকল্পের নাম ঃ রাজশাহী মহনগরীর সমন্বিত নগর অবকাঠামো উন্নয়ন (১ম সংশোধিত) প্রস্তাবিত

প্রকল্পের মেয়াদ ০১-০৩-২০২০ থেকে ৩০-০৬-২০২৬ (প্রস্তাবিত)

প্রকল্প পরিচালক মোঃ মাহমুদুর রহমান নির্বাহী প্রকৌশলী (উন্নয়ন)

| | প্রাক্কলিত ব্যয় | ২০২৪-২৫ অর্থবছরের এডিপি বরাদ্দ | অবমুক্ত | ফেব্রুয়ারি ২০২৫ পর্যন্ত ক্রমপুঞ্জিভূত অগ্রগতি | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| | | | | আর্থিক | ভৌত | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| মোট | ২৯৩১.৬১ | ২৮৩.৫০ | ০.০০ | ১৯৬৩.৮০ | ৭৫% | |
| জিওবি | ২৬৩৮.৪৫ | ২৮৩.৫০ | ০.০০ | ১৯৬৩.৮০ | ৭৫% | |

প্রকল্পের নাম ঃ হযরত শাহ মখদুম রুপোশ (রঃ) দরগাহ শরীফের উন্নয়ন (১ম সংশোধিত)
প্রকল্পের মেয়াদ ০১-০১-২০২২ থেকে ৩১-১২-২০২৫ (প্রস্তাবিত)
প্রকল্প পরিচালক, নিলুফার ইয়াসমিন, নির্বাহী প্রকৌশলী (উন্নয়ন)

| | প্রাক্কলিত ব্যয় | ২০২৪-২৫ অর্থবছরের এডিপি বরাদ্দ | অবমুক্ত | ফেব্রুয়ারি ২০২৫ পর্যন্ত ক্রমপুঞ্জিভূত অগ্রগতি | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| | | | | আর্থিক | ভৌত | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ২ |
| মোট | ২৪.৭৯ | ৩.০০ | ১.৫০ | ১৩.২৩ | ৫৬.০০% | |
| জিওবি | ১৯.৮৩ | ৩.০০ | ১.৫০ | ১৩.২৩ | ৫৬.০০% | |

সিদ্ধান্ত ঃ রাজশাহী সিটি কর্পোরেশনের চলমান উন্নয়ন প্রকল্প সমূহ দ্রুত বাস্তবায়নের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। বাস্তবায়নে ঃ তত্ত্বাবধায়ক প্রকৌশলী, রাজশাহী সিটি কর্পোরেশন।

৯। বিবিধ।
সিদ্ধান্ত (ক)ঃ আলোচ্যসূচি 'ক' এর ১২ (বারো) টি আর্থিক বিষয়ে অনুদান সংক্রান্ত আবেদন স্থগিত রাখার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

বিবিধ আলোচ্যসূচি (খ)ঃ রাজশাহী সিটি কর্পোরেশনের নিয়ন্ত্রণাধীন বিভিন্ন হাট-বাজার, গণশৌচাগার, ফেরীঘাট, পুকুর ডোবা, পার্কিং স্ট্যান্ড ও ভাগাড়ের সার ১৪৩২ বঙ্গাব্দের মেয়াদে ইজারার জন্য সরকারি নির্ধারিত দর অপেক্ষা বেশী দর পাওয়া গেছে। হাট-বাজার, গনশৌচাগার, পার্কিং স্ট্যান্ড, ভাগাড়ের সার ও পুকুর ডোবা ইজারা প্রদানের নিমিত্ত প্রাপ্ত দরপত্রের প্রেক্ষিতে সর্বোচ্চ দরগুলো গ্রহণের বিষয়ে ২৭-০২-২০২৫ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত দরপত্র মূল্যায়ন কমিটির সভায় সর্বসম্মতিক্রমে সুপারিশ গৃহীত হয় এবং আমীরপুর ও বিষপুর ফেরীঘাট দুইটি ইজারা প্রদানের নিমিত্ত সর্বোচ্চ দরগুলি গ্রহণের বিষয়ে ২৭-০২-২০২৫ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত ফেরীঘাট ইজারা প্রদান কমিটির সভায় সর্বসম্মতিক্রমে সুপারিশ গৃহীত হয়। দরপত্র মূল্যায়ন কমিটির সুপারিশ সমূহ নিম্নোক্ত ছকে বর্ণিত হলো।

বিভিন্ন গণশৌচাগার, সিটি বাইপাস ভাগাড়ের সার, পার্কিং স্ট্যান্ড এবং পশু জবেহের ফি আদায় ১৪৩২ বঙ্গাব্দের মেয়াদে ইজারার জন্য ২৭.০১.২০২৫ খ্রিঃ তারিখে প্রাপ্ত দরপত্রের প্রেক্ষিতে ২৭.০২.২০২৫খ্রিঃ তারিখে অনুষ্ঠিত দরপত্র মূল্যায়ন কমিটির সুপারিশ সম্বলিত সংক্ষিপ্ত বিবরণী ঃ

| ক্রমিক নং | বিভিন্ন গণশৌচাগার, সিটি বাইপাস ভাগাড়ের সার, পার্কিং স্ট্যান্ড এবং পশু জবেহের ফি আদায় ইজারার নাম | সর্বোচ্চ দর দাতা | দরপত্র মূল্যায়ণ কমিটির সভায় সুপারিশকৃত দর | সরকারি মূল্য |
|---|---|---|---|---|
| ১. | কাশিয়াডাঙ্গা নবনির্মিত গণশৌচাগার | মো: তুষার আহম্মেদ তামিম<br>পিতা-হেলাল উদ্দিন,সাং-পশ্চিমবালিয়া রাজশাহী কোর্ট,পবা, রাজশাহী | ৪৫,০০০/- | ১৮,৭৩৩/- |
| ২. | তেরখাদিয়া গণশৌচাগার | মীর তুষার<br>পিতাঃ মোঃ বকুল<br>সাং-হোল্ডিং নং-৩৩৪,হোসনীগঞ্জ, রাজশাহী,দর,বোয়ালিয়া,রাজশাহী। | ১০,০০০/- | ৬,৩০০/- |
| ৩. | রাজশাহী মেডিক্যাল কলেজ হাসপাতাল গণশৌচাগার | মীর তুষার, পিতাঃ বকুল<br>হোল্ডিং নং-৩৪৪,সাং-হোসেনীগঞ্জ<br>রাজশাহী সদর, বোয়ালিয়া, রাজশাহী | ৭,৪০,০০০/- | ৪,৩৫,০৫৮/- |
| ৪. | সাহেব বাজার বোমপুলিশ গণশৌচাগার | মোঃ শাকিলুর রহমান<br>পিতাঃ মোঃ মকলেসুর রহমান<br>সাং- হোল্িং নং-৩৭৪, শালবাগান, সপুরা, বোয়ালিয়া রাজশাহী। | ৭,০০,০০০/- | ৪,৩৪,৬৮৫/- |
| ৫. | পি.এন. বালিকা বিদ্যালয় গণশৌচাগার | মোঃ শাকিলুর রহমান<br>পিতা- মৃত মোঃ মোকলেসুর রহমান<br>সাং- হোল্ডিং নং-৩৩৪, শালবাগান, সপুরা, রাজশাহী। | ১,৯০,০০০/- | ১,৫৮,৫০০/- |

| ক্রমিক নং | বিভিন্ন গণশৌচাগার, সিটি বাইপাস ভাগাড়ের সার, পার্কিং স্ট্যান্ড এবং পশু জবেহের ফি আদায় ইজারার নাম | সর্বোচ্চ দর দাতা | দরপত্র মূল্যায়ণ কমিটির সভায় সুপারিশকৃত দর | সরকারি মূল্য |
|---|---|---|---|---|
| ৬. | নিউমার্কেটের অভ্যন্তরে অবস্থিত গণশৌচাগার | মোঃ শাকিলুর রহমান<br>পিতা- মৃত মোঃ মোকলেসুর রহমান<br>সাং- হোল্ডিং নং-৩৩৪, শালবাগান, সপুরা, রাজশাহী। | ২,৫০,০০০/- | ১,৩২,১০০/- |
| ৭. | নওদাপাড়া আমচত্বর গণশৌচাগার | মোঃ শাহীন আলী<br>পিতা- মৃত মোঃ মহসিন আলী<br>সাং-হোল্ডিং নং-৭৬, নওদাপাড়া, সপুরা, রাজশাহী। | ৪০,০০০/- | ৯,৫৮৩/- |
| ৮. | ২৬ নং ওয়ার্ডে মেহেরচন্ডি গণশৌচাগার | মোঃ মমিনুল আলম<br>পিতা- মোঃ খায়রুল আলম,<br>হোল্ডিং নং- ডি ৪৪৮,সাং-মেহেরচন্ডি হোসেনীগঞ্জ, বোয়ালিয়া, রাজশাহী। | ৫,০০০/- | ১,৭৫০/- |
| ৯. | তালাইমারী গণশৌচাগার | মীর তুষার<br>পিতা- বকুল, হোল্ডিং নং- ৩৪৪<br>সাং-হোসেনীগঞ্জ, রাজশাহী সদর বোয়ালিয়া, ঘোড়ামারা, রাজশাহী। | ৮০,০০০/- | ৫৮,০৮৭/- |
| ১০. | হড়গ্রাম নিউমার্কেটের দোতলায় অবস্থিত গণশৌচাগার | মোঃ আব্দুল মতিন<br>সাং- হোল্ডিং নং-৩৯৩, হড়গ্রাম নতুনপাড়া, রাজশাহী কোর্ট, রাজশাহী। | ৪০,০০০/- | ১৯,৫০০/- |
| ১১. | বোটানিক্যাল গার্ডেনের অভ্যন্তরে ২টি গণশৌচাগার | মীর তুষার,পিতা-বকুল<br>সাং- হোসনীগঞ্জ, রাজশাহী সদর, বোয়ালিয়া, রাজশাহী। | ৩,০০০০০/- | ২,২০,০০০/- |
| ১২. | ভূবন মোহন পার্কের অভ্যন্তরে গণশৌচাগার | মোঃ মমিনুল আলম<br>পিতা-মোঃ খায়রুল আলম, সাং-ডি-৪৪৮,হোসনীগঞ্জ, বোয়ালিয়া, রাজশাহী। | ১৭,৭০,০০০/- | ৭,০২,৫৫৫/- |
| ১৩. | লালন শাহ্ পার্ক সংলগ্ন গণশৌচাগার | মীর তুষার<br>পিতাঃ মোঃ বকুল, সাং-হোল্ডিং নং-৩৩৪,হোসেনীগঞ্জ, রাজশাহী, সদর, বোয়ালিয়া, রাজশাহী | ১,৫০,০০০/- | ৪৮,০০০/- |
| ১৪. | বড়কুঠি পদ্মা গার্ডেন গণশৌচাগার | মোঃ মোসাদ্দাত হোসেন তুহিন<br>পিতা-মৃত শাহাজাহান হোসেন<br>সাং- হোল্ডিং-১৬২/৫, হেতেমখাঁ, সবজিপাড়া, রাজশাহী জিপিও, রাজশাহী। | ৮১,৫৫৫/- | ৩০,০০০/- |
| ১৫. | সিটি বাইপাস ভাগাড়ের সার | আ.স.ম আশরাফুল হুদা সিয়াম<br>পিতা- আলহাজ্ব মোঃ শামসুল হুদা, সাং-হাজরাপুকুর, ঘোড়ামারা, বোয়ালিয়া, রাজশাহী। | ২,৮০,০০০/- | ১,০৮,৭০৪/- |
| ১৬. | পদ্মা নদীর ধারে বড়কুঠি পার্কিং স্ট্যান্ড | মোঃ কামারুজ্জামান শুভ<br>পিতা-আমিরুল বাহার মুক্তা, সাং-হোল্ডিং-০১,সাহেবগঞ্জ,ঘোড়ামারা, রাজশাহী। | ৪১,১৯৯/- | ২৪,৫৩৫/- |
| ১৭. | নিউমার্কেট পার্কিং স্ট্যান্ড | হাসানুল বান্না (সান)<br>পিতা- এম এ সালাস, সাং-হোল্ডিং-২৪৩, ষষ্টীতলা, ঘোড়ামারা, রাজশাহী। | ৩,১২,০০০/- | ২,১৪,৪৫০/- |
| ১৮. | শহীদ এ.এইচ.এম কামারুজ্জামান | জনাব মোঃ সাইদ হাসান | ৪,৮৫,০০০/- | ৩,১৯,০৮০/- |

| ক্রমিক নং | বিভিন্ন গণশৌচাগার, সিটি বাইপাস ভাগাড়ের সার, পার্কিং স্ট্যান্ড এবং পশু জবেহের ফি আদায় ইজারার নাম | সর্বোচ্চ দর দাতা | দরপত্র মূল্যায়ণ কমিটির সভায় সুপারিশকৃত দর | সরকারি মূল্য |
|---|---|---|---|---|
| | বোটানীক্যাল গার্ডেনের সামনে ও রাস্তার উত্তরে পার্কিং স্ট্যান্ড | পিতা- মোঃ আব্দুল আহাদ, সাং- ৬৮৩/এ মহিষবাথান উত্তরপাড়া রাজপাড়া, রাজশাহী | | |
| ১৯. | পশু জবাহের ফি আদায় | মোঃ শাকিলুর রহমান পিতাঃ মোঃ মকলেসুর রহমান সাং- হোল্ডিং নং-৩৭৪, শালবাগান, সপুরা, বোয়ালিয়া রাজশাহী। | ৫,০০,০০০/- | ৩,৬৩,৮৫০/- |

বিভিন্ন হাট-বাজার ১৪৩২ বঙ্গাব্দের মেয়াদে ইজারার জন্য ০৪.০২.২০২৫ খ্রিঃ তারিখে প্রাপ্ত দরপত্রের প্রেক্ষিতে ২৭.০২.২০২৫খ্রিঃ তারিখে অনুষ্ঠিত দরপত্র মূল্যায়ন কমিটির সুপারিশ সম্বলিত সংক্ষিপ্ত বিবরণী ঃ

| ক্রঃ নং | বিভিন্ন হাট বাজার ১৪৩২ বঙ্গাব্দের ১ বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত ১ বছর মেয়াদে অস্থায়ী ইজারার নাম | সর্বোচ্চ দর দাতা | দরপত্র মূল্যায়ণ কমিটির সভায় সুপারিশকৃত দর | সরকারি মূল্য |
|---|---|---|---|---|
| ১. | সিটি হাট নামীয় প্রাত্যহিক গবাদিপশুর হাট বাজার | হাজী মোঃ শওকত আলী পিতা-সদরউদ্দীন মোল্লা, সাং- ফুদকী পাড়া খিরসিন, মিয়াপুর, পবা রাজশাহী মোবাঃ-০১৭১৯-২০৯৪০৫ | ১২,৮১,০০,৭৭৭/- | ৩,৭০,২৯,৩৩৪/- |
| ২. | কাশিয়াডাঙ্গা বাজার | মোঃ মাহবুব হাসান পিতা- মৃত সাইফুদ্দিন, সাং- উত্তর বালিয়া, রাজশাহী কোর্ট, রাজশাহী | ২,৪০,০০০/ | ১,৬৭,৮৬৯/- |
| ৩. | হড়গ্রাম বাজার | মোঃ আখলেসুর রহমান পিতা-আখতারুজ্জামান, সাং- হাড়ুপুর, রাজশাহী কোর্ট, পবা, রাজশাহী | ৭৭,১০,০০০/- | ২৯,০০,৮৬৭/- |
| ৪. | লক্ষিপুর বাজার | প্রত্যয় থাই এন্ড স্টিল জোন মোঃ নাজির হাসান পিতা-সাজদার আলী হাজী, সাং- দাসপুকুর, রাজপাড়া,রাজশাহী। | ২১,০০,০০০/- | ৯,৮৫,০৯৪/- |
| ৫. | সাহেব বাজার | মোঃ জাফর ইমাম দীপ্ত, পিতা- মোঃ জাহিদুল ইসলাম জাহিদ, সাং-৩১৩, হোসনীগঞ্জ, জিপিও, রাজশাহী | ১,৬১,১২,০০০/- | ৭৫,৬৯,১০৭/- |
| ৬. | উপশহর নিউমার্কেট কাঁচা বাজার | মোঃ খোরসেদ আলম পিতা-গোলাম হোসেন, সাং-১৭ রানী নগর, ঘোড়ামারা, বোয়ালিয়া, রাজশাহী। | ৭,৫৩,১০০/- | ৯২,১৭১/- |
| ৭. | শিরোইল কাঁচা বাজার | মোঃ মাসুম আলী পিতা-শমসের আলী, সাং- সুলতানাবাদ, ঘোড়ামারা, রাজশাহী | ৬৫,০০০/- | ২১,৪৫৫/- |
| ৮. | রামচন্দ্রপুর সাধুর মোড় বাজার | মোঃ ওয়ালিউর রহমান পিতা- জিল্লুর রহমান,সাং- ঘোড়ামারা, বোয়ালিয়া, রাজশাহী | ১,৩৯,৫২৫/- | ১,০৯,৫৬৯/- |
| ৯. | রামচন্দ্রপুর বৌ বাজার | মোঃ শহিদুল ইসলাম | ৫,৫৫,৭৯৩/- | ৩,৭৯,৯০৫/- |

| ক্রঃ নং | বিভিন্ন হাট বাজার ১৪৩২ বঙ্গাব্দের ১ বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত ১ বছর মেয়াদে অস্থায়ী ইজারার নাম | সর্বোচ্চ দর দাতা | দরপত্র মূল্যায়ণ কমিটির সভায় সুপারিশকৃত দর | সরকারি মূল্য |
|---|---|---|---|---|
| | | পিতা- গাজলার রহমান, সাং- খিরশিন টিকর, মিয়াপুর, টিকাপাড়া, ঘোড়ামারা, রাজশাহী। | | |
| ১০. | তালাইমারী বাজার | মোঃ পলাশ<br>পিতা-মোঃ শামসুল, সাং-হোল্ডিং- ৪০৫, রামচন্দ্রপুর,ঘোড়ামারা, বোয়ালিয়া, রাজশাহী। | ৩৬,০০০/- | ৩১,৮০০/- |
| ১১. | বিনোদপুর বাজার | মোঃ সাজিবুল ইসলাম<br>পিতা-মোঃ মুজদার আলী,সাং- খিরশিন টিকর,মিয়াপুর, পবা, রাজশাহী | ৪,১৩,০১৩/- | ১,৯০,৭৩৩/- |
| ১২. | হযরত শাহ্ মুখদুম (রঃ) গো-হাটা | মোঃ মিলন<br>পিতা-মৃত ইব্রাহিম, সাং-হোল্ডিং নং-১০, পাঠানপাড়া, জিপিও, রাজশাহী। | ৩,০৫,৫৫৫/- | ৮৮,৮৯৪/- |
| ১৩. | সাগর পাড়া কাঁচা বাজার (ডায়াবেটিস) | মোঃ জাকারিয়া হোসেন<br>পিতা মোঃ হাবিবুর রহমান, সাঃ- সেখেরচর বোয়ালিয়া রাজশাহী। | ৫,০১,০০০/- | ৪০,৯৫১/- |

রাজশাহী সিটি কর্পোরেশনের নিয়ন্ত্রণাধীন আমীরপুর ও বিষপুর ফেরীঘাট ১৪৩২ বঙ্গাব্দ মেয়াদে ইজারার জন্য ১১.০২.২০২৫খ্রিঃ তারিখে প্রাপ্ত দরপত্রের প্রেক্ষিতে ২৭.০২.২০২৫খ্রিঃ তারিখে অনুষ্ঠিত ফেরীঘাট ইজারা প্রদান কমিটির সভার সুপারিশ সম্বলিত সংক্ষিপ্ত বিবরণী ঃ

| ক্রমিক নং | ফেরীঘাটের নাম | সর্বোচ্চ দরদাতা | দরপত্র মূল্যায়ণ কমিটির সভায় সুপারিশকৃত দর | সরকারি মূল্য/সম্ভাব্য ইজারা মূল্য |
|---|---|---|---|---|
| ০১ | আমীরপুর ফেরীঘাট | মোঃ রাজু আহমেদ<br>পিতা- মোঃ আলম শেখ ভোলা<br>সাং- দর্শনপাড়া, নামুপাড়া, দর্শনপাড়া, পবা, রাজশাহী | ৬১,৭৭,৭৭৭/- | ১১,৫৪,৯৭০/- |
| ০২ | বিষপুর ফেরীঘাট | মোঃ ওয়াকিল ইসলাম<br>পিতা- মোঃ ইয়াকুব আলী<br>সাং- মহিষবাথান, রাজশাহী কোর্ট রাজপাড়া, রাজশাহী | ১৩,৫১,০০০/- | ১০,০১,৬১১/- |

রাজশাহী সিটি কর্পোরেশনের নিয়ন্ত্রণাধীন টিকাপাড়া গোরস্থানে ১টি পুকুর ও ১টি ডোবা এবং হেতমখাঁ মেথরপাড়াস্থ ১টি পুকুর ও ১টি ডোবা ১৪৩২,১৪৩৩ ও ১৪৩৪ বঙ্গাব্দ মেয়াদে ইজারার জন্য ২৫.০২.২০২৫খ্রিঃ তারিখে প্রাপ্ত দরপত্রের প্রেক্ষিতে ২৭.০২.২০২৫খ্রিঃ তারিখে অনুষ্ঠিত দরপত্র মূল্যায়ণ কমিটির সভার সুপারিশ সম্বলিত সংক্ষিপ্ত বিবরণী ঃ

| ক্রমিক নং | পুকুর/ডোবার নাম | সর্বোচ্চ দরদাতা | দরপত্র মূল্যায়ণ কমিটির সভায় সুপারিশকৃত দর | সরকারি মূল্য/সম্ভাব্য ইজারা মূল্য |
|---|---|---|---|---|
| ০১ | টিকাপাড়া গোরস্থানে ১টি পুকুর ও ১টি ডোবা | মোঃ আজিজ শেখ<br>পিতা- সিরাজ শেখ<br>সাং- বল্লভগঞ্জ, বোয়ালিয়া, রাজশাহী | ৩,১০,০০০/- | ১,৯১,৪০০/- |
| ০২ | মেথরপাড়াস্থ ১টি পুকুর ও | মোঃ নাহিদুর রহমান | ১,৫০,০০০/- | ১,৪৮,৫০০/- |

| | | | | |
|---|---|---|---|---|
| | ১টি ডোবা | পিতা- মোঃ তসলিম উদ্দিন<br>সাং- ১৬, হেতমখাঁ, রাজশাহী | | |

এবং ঐ সভাসমূহে সর্বোচ্চ দরদাতার অনুকূলে বিভিন্ন হাট-বাজার, গণশৌচাগার, ফেরীঘাট, পুকুর ডোবা (তিন বছরের মেয়াদে) পার্কিং স্ট্যান্ড ও ভাগাড়ের সার ১৪৩২ বঙ্গাব্দের মেয়াদে ইজারার জন্য সর্বসম্মতিক্রমে সুপারিশ গৃহীত হয়।

যে অভিযোগ পাওয়া গেছে তা দাখিলকৃত দরসংক্রান্ত নহে বরং ব্যক্তি বিশেষের বিরুদ্ধে উত্থাপিত আপত্তি। ইজারানীতিমালা অনুযায়ী দরপত্রের শর্ত পুরণ করলে বাংলাদেশের যে কোন নাগরিক এর দাখিলকৃত দর উপেক্ষা করার সুযোগ নেই। যদি করা হয় তাতে অডিট ও অন্য কোন সংস্থা কর্তৃক আর্থিক ক্ষতি/তসরুপের নতুন অভিযোগ সৃষ্টি হতে পারে। সর্বোচ্চ দর বহাল রেখে অভিযোগগুলি নথিজাত করার বিষয়ে অভিন্ন মত পোষণ করা হয়।

এছাড়াও হাট-বাজার ইজারার নীতিমালা অনুযায়ী হাট-বাজার রক্ষণাবেক্ষণের অর্থ হতে নিরাপত্তার স্বার্থে ঝুকিপূর্ণ হাটবাজারে সিসিটিভি ক্যামেরা স্থাপন বিষয়ে একমত পোষন করা হয়।

সিদ্ধান্ত ঃ (১) রাজশাহী সিটি কর্পোরেশনের বিভিন্ন হাট-বাজার, গনশৌচাগার,পার্কিং স্ট্যান্ড, ভাগাড়ের সার ও পুকুর ডোবা ইজারা প্রদানের নিমিত্ত প্রাপ্ত দরপত্রের প্রেক্ষিতে সর্বোচ্চ দরগুলো গ্রহণের বিষয়ে ২৭-০২-২০২৫ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত দরপত্র মূল্যায়ন কমিটির সভার সুপারিশ সমূহ এবং আমীরপুর ও বিষপুর ফেরীঘাট দুইটি ইজারা প্রদানের নিমিত্ত সর্বোচ্চ দরগুলি গ্রহণের বিষয়ে ২৭-০২-২০২৫ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত ফেরীঘাট ইজারা প্রদান কমিটির সভার সুপারিশ সমূহ অনুমোদনের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয় এবং সর্বোচ্চ দরদাতার অনুকূলে বিভিন্ন হাট-বাজার, গণশৌচাগার, ফেরীঘাট, পুকুর ডোবা (তিন বছরের মেয়াদে), পার্কিং স্ট্যান্ড ও ভাগাড়ের সার ১৪৩২ বঙ্গাব্দের মেয়াদে ইজারা প্রদানের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। বাস্তবায়নে ঃ সচিব, রাজশাহী সিটি কর্পোরেশন।

(২) সর্বোচ্চ দর বহাল রেখে অভিযোগগুলি নথিজাত করার বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। বাস্তবায়নে ঃ সচিব, রাজশাহী সিটি কর্পোরেশন।

(৩) হাট-বাজার ইজারার নীতিমালা অনুযায়ী হাট-বাজার রক্ষণাবেক্ষণের অর্থ হতে নিরাপত্তার স্বার্থে ঝুকিপূর্ণ হাটবাজারে সিসিটিভি ক্যামেরা স্থাপন বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। বাস্তবায়নে ঃ তত্ত্বাবধায়ক প্রকৌশলী, রাজশাহী সিটি কর্পোরেশন।

বিবিধ আলোচ্যসূচি (গ) ঃ রাজশাহী সিটি কর্পোরেশনের তত্ত্বাবধানে প্রতিবছরের পবিত্র ঈদ-উল-ফিতর এর জামাতের ব্যবস্থা করা হয়। প্রতিবছরের ন্যায় এবারও কেন্দ্রীয় ঈদগাহ সহ টিকাপাড়া ও সাহেব বাজার বড় রাস্তায় ঈদের জামাতের বিষয়ে সভায় একমত পোষন করা হয়। সেক্ষেত্রে কেন্দ্রীয় ঈদগাহে ১২,৬৮,৮৫১.০০ (বারো লক্ষ আটষট্টি হাজার আটশত একান্ন) টাকা, টিকাপাড়া ঈদগাহে ২,৯০,০০০.০০ (দুই লক্ষ নব্বই হাজার) টাকা ও সাহেব বাজার বড় রাস্তায় ৩৩,০০০.০০ (তেত্রিশ হাজার) টাকা ব্যয়ের বিষয়ে সভায় একমত পোষন করা হয়।

সিদ্ধান্ত ঃ রাজশাহী সিটি কর্পোরেশনের তত্ত্বাবধানে প্রতিবছরের ন্যায় এবারও কেন্দ্রীয় ঈদগাহ সহ টিকাপাড়া ও সাহেব বাজার বড় রাস্তায় ঈদের জামাত অনুষ্ঠিত এবং কেন্দ্রীয় ঈদগাহে ১২,৬৮,৮৫১.০০ (বারো লক্ষ আটষট্টি হাজার আটশত একান্ন) টাকা, টিকাপাড়া ঈদগাহে ২,৯০,০০০.০০ (দুই লক্ষ নব্বই হাজার) টাকা ও সাহেব বাজার বড় রাস্তায় ৩৩,০০০.০০ (তেত্রিশ হাজার) টাকা ব্যয়ের বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। বাস্তবায়নে ঃ তত্ত্বাবধায়ক প্রকৌশলী, রাজশাহী সিটি কর্পোরেশন।

বিবিধ আলোচ্যসূচি (ঘ) ঃ রাজশাহী সিটি কর্পোরেশনের নিয়ন্ত্রণাধীন শহীদ জিয়া শিশু পার্কটির পূর্ব প্রান্তে পার্ক সম্প্রসারণের জন্য ভুমি অধিগ্রহণের জন্য সমন্বিত অবকাঠামো উন্নয়ন প্রকল্প ছিল। সরকারের ভূমি অধিগ্রহণ খাতে অর্থ ছাড় না করায় এবং RDPP তে উক্ত স্থানে ভূমি অধিগ্রহণ বাদ দেওয়ায় আপাতত নতুন ভাবে পার্ক সম্প্রসারনে ভূমি অধিগ্রহণের পরিকল্পনা থাকছে না। পার্ক সম্প্রসারণে ভূমির প্রয়োজন হলে পার্কটির পশ্চিমপ্রান্তে নিজস্ব জায়গাটি (সিটি নার্সারি) ব্যবহার করা যাবে। তদপ্রেক্ষিতে উক্ত এলাকায় বাড়ি নির্মানের অনাপত্তি পত্র প্রদান না করার জন্য রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষকে অনুরোধ জানানো হয়। কিন্ত বর্তমানে ভূমি অধিগ্রহণের বিষয়টি কর্পোরেশন বাস্তবায়ণ করতে না পারায় উক্ত এলাকায় বাড়ি নির্মানে অনাপত্তি পত্র প্রদানের জন্য রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষকে সম্মতি জানানোর বিষয়ে সভায় একমত পোষন করা হয়।

সিদ্ধান্ত ঃ রাজশাহী সিটি কর্পোরেশনের নিয়ন্ত্রণাধীন শহীদ জিয়া শিশু পার্কটির উত্তর প্রান্তে পার্ক সম্প্রসারণের জন্য ভূমি অধিগ্রহণের পরিকল্পনা নাই মর্মে রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষকে জানানোর বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। বাস্তবায়নে ঃ তত্ত্বাবধায়ক প্রকৌশলী, রাজশাহী সিটি কর্পোরেশন।

বিবিধ আলোচ্যসূচি (ঙ) ঃ  রাজশাহী সিটি কর্পোরেশনের যোগাযোগ স্থায়ী কমিটির ০২ ডিসেম্বর ২০২৪ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীঃ

**সিদ্ধান্ত** ঃ গত ০২-১২-২০২৪ তারিখে অনুষ্ঠিত যোগাযোগ স্থায়ী  কমিটির সভার গৃহীত ০৩ (তিন) টি সুপারিশ অনুমোদনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। বাস্তবায়নে ঃ তত্ত্বাবধায়ক প্রকৌশলী, রাজশাহী সিটি কর্পোরেশন।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্তি ঘোষনা করেন।

(খোন্দকার আজিম আহমেদ এনডিসি)
প্রশাসক
রাজশাহী সিটি কর্পোরেশন

স্মারক নম্বর- ৪৬.১২.০০০০.০০৩.১৭.১১৪.২৪.  তারিখঃ ফাল্গুন ১৪৩১ / মার্চ ২০২৫

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো  (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয় ঢাকা।
২। জেলা প্রশাসক, রাজশাহী।
৩। মহাব্যবস্থাপক, বাংলাদেশ টেলি-কমিউনিকেশন কোম্পানি লিমিটেড (বিটিসিএল), রাজশাহী।
৪। পরিচালক, স্বাস্থ্য, রাজশাহী বিভাগ, রাজশাহী।
৫। প্রধান নির্বাহী কর্মকর্তা, রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ, রাজশাহী
৩। উপ-ব্যবস্থাপনা পরিচালক (প্রকৌশল), রাজশাহী পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ওয়াসা), রাজশাহী।
৭। উপ-পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী।
৮। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা/ প্রাথমিক শিক্ষা, রাজশাহী।
৯। উপ-পরিচালক, পরিবেশ অধিদপ্তর, রাজশাহী।

১০। বিভাগীয় প্রধান ........................................................................(সকল), রাজশাহী সিটি কর্পোরেশন।
১১। এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট, রাজশাহী সিটি কর্পোরেশন।
১২। প্রশাসক, রাজশাহী সিটি কর্পোরেশন ও  বিভাগীয় কমিশনার এঁর একান্ত সচিব, (প্রশাসক, রাজশাহী সিটি কর্পোরেশন ও বিভাগীয়  কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (ভারপ্রাপ্ত), রাজশাহী সিটি কর্পোরেশন।
১৪। অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার (ক্রাইম এন্ড অপারেশন), রাজশাহী মেট্রোপলিটন পুলিশ, রাজশাহী।
১৫। সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস এন্ড সিভিল ডিফেন্স, রাজশাহী।
১৬। সহকারী বন সংরক্ষক, সামাজিক বন বিভাগ, রাজশাহী।
১৭। নির্বাহী প্রকৌশলী, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, রাজশাহী।

১৮। ....................................................................... রাজশাহী সিটি কর্পোরেশন।
১৯। প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয়ের ব্যক্তিগত সহকারী, রাজশাহী সিটি কর্পোরেশন। (প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয়ের  সদয় অবগতির জন্য)।
২০। সচিবের ব্যক্তিগত সহকারী, রাজশাহী সিটি কর্পোরেশন। (সচিবের অবগতির জন্য)  ।
২১। অফিস নথি।

(ড. এ.বি.এম শরীফ উদ্দিন)
প্রধান নির্বাহী কর্মকর্তা
রাজশাহী সিটি কর্পোরেশন

# রাজশাহী সিটি কর্পোরেশন

## সাধারণ প্রশাসনিক শাখা

rajshahi.portal.gov.bd

রাজশাহী সিটি কর্পোরেশনের সার্বিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার লক্ষ্যে 'স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) (সংশোধন) অধ্যাদেশ, ২০২৪ এর ধারা ২৫(ক)(২) মোতাবেক সরকার কর্তৃক গঠিত কমিটির ৪র্থ সভার সদস্যদের উপস্থিতির স্বাক্ষর :

তারিখ : ০২.০৩.২০২৫ খ্রি.

| ক্র: নং | নাম | অফিসের নাম ও পদবী | মোবাইল/হোয়াটসঅ্যাপ নম্বর ও ই-মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১. | | | | |
| ২. | | | | |
| ৩. | মোঃ [illegible] | DMD (Engg) রাজশাহী ওয়াসা | 01711-981763 | [signature] 02/03/25 |
| ৪. | [illegible] | [illegible] কর্মকর্তা | 01719-550381 | [signature] 02/03/25 |
| ৫. | মো: [illegible] | বিভাগীয় উপপরি. প্রাথমিক শিক্ষা, রাজশাহী বিভাগ, ১৩৪ নং ওয়ার্ড | 01712584405 | [signature] 02/03/25 |
| ৬. | মো: আব্দুল মজিদ | অধ্যক্ষ রাজশাহী কলেজ | 01755582306 | [signature] 02/03/2025 |
| ৭. | মো: মেহেদীজ্জামান | সামাজিক বন বিভাগ, রাজশাহী | 01819751874 | [signature] 02/03/2025 |

F Humain Hazira



CamScanner

| ক্র: নং | নাম | অফিসের নাম ও পদবী | মোবাইল/হোয়াটসঅ্যাপ নম্বর ও ই-মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ৮. | আবু হায়াত/মো: রহমতুল্লাহ [illegible] | [illegible] | 01712217848 ahmrahmat@ yahoo.com | [signature] 2/3/25 |
| ৯. | ড. মোছা: [illegible] | রাজশাহী [illegible] | [illegible]@ gmail.com | [signature] 2/03/2025 |
| ১০. | মো: রকিব হোসেন | সহকারী পরিচালক (উপপরিচালকের দায়িত্বে) পরিবেশ অধিদপ্তর রাজশাহী | rajshahidist@doe .gov.bd | [signature] 02/03/2025 |
| ১১. | জাকির [illegible] | সহকারী প্রকৌশলী (EE এর দায়িত্বে) জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, রাজশাহী | 01745026835 | [signature] 2/03/25 |
| ১২. | সাবিনা ইয়াসমিন | অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার (সদর ও মিডিয়া) -আরএমপি | 01320061056 | [signature] 02/03/2025 |
| ১৩. | মো: আব্দুস সালাম | উপপরিচালক আঞ্চলিক [illegible] শিক্ষা, রাজশাহী অঞ্চল | 01724161737 | [signature] |
| ১৪. | মো: মাহবুবুর রহমান | সমবায় কর্মকর্তা | 01712-688904 | [signature] 02/03/25 |
| ১৫. | মো: [illegible] হোসেন | [illegible] | 01738474607 | [signature] 02/03/25 |

| ক্র: নং | নাম | অফিসের নাম ও পদবী | মোবাইল/হোয়াইট অ্যাপস নম্বর ও ই-মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১৬. | আবু নূর মোঃ মাহফুজুর রহমান | সমবায় কর্মকর্তা রাসিক | ০১৭১৬০৮৬৩১৬২ | [signature] ০২/৩/২৫ |
| ১৭. | মোঃ মশিউর রহমান | নির্বাহী প্রকৌশলী [illegible] | ০১৭১৭১৩৫৪২০৬ | [signature] ২/৩/২৫ |
| ১৮. | সুব্রত কুমার সরকার | নির্বাহী প্রকৌশলী [illegible] | ০১৭১৮০১৭৫৫৫ | S.K [signature] 2/3/25 |
| ১৯. | নাজমা খাতুন | রাসিক জন্ম ও মৃত্যু নিবন্ধীকরণ কর্মকর্তা | ০১৭২৭২২৯০০১ | [signature] 02.03.2025 |
| ২০. | ড. মো. ফরহাদ উদ্দিন | ভেটেরিনারি সার্জন, রাসিক | 01759821800 | [signature] |
| ২১. | মোস্তাফিজুর রহমান | জনসংযোগ কর্মকর্তা রাসিক | ০১৭৪৪-২১৮৬৬৭ | [signature] |
| ২২. | মো: আহসান হাবিব | স্টোর কর্মকর্তা রাসিক | 01713098927 | [signature] ২/৩/২০২৫ |
| ২৩. | এ.বি.এম. আসাদুজ্জামান সুইট | নির্বাহী প্রকৌশলী (বিদ্যুৎ) রাসিক | 01712-498544 | [signature] 2/3/25 |

| নাম | অফিসের নাম ও পদবী | মোবাইল/হোয়াইট এ্যাপস নম্বর ও ই-মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|
| নিলুফার ইয়াসমিন | রাজশাহী সিটি কর্পোরেশন, নির্বাহী প্রকৌ: (উন্নয়ন) | 01717053897 niluaryin@gmail.com | |
| মো: আনোয়ার হোসেন | বাওমস কর্মকর্তা বার্নাত | 01813809850 | |
| মোঃ মোমিন রেজা | সহকারী বন সংরক্ষক, রাজশাহী | 01616310778 | |
| শেখ আরিফুল হক | ফুড এন্ড স্যানিটেশন কর্মকর্তা | ০১৭৭৪৮৯৭০০০১ | |
| মো: তারিকুল ইসলাম | আবাসিক চিকিৎসক টিবি হাসপাতাল | ০১৭৪০-৭৮৬৯৬ ৭০ | |
| আল মাহমুদ রনি | শিক্ষা কর্মকর্তা | 01737412658 | |
| মো: মাসুদার কামাল | উচ্চমান সহকারী | ০১৭৬৬-২৩৩৩৩৩ | |
| রুবিনা খাতুন | উচ্চমান সহকারী (জো:) | ০১৭১৮৮৬১৪০৯ | |

| ক্র: নং | নাম | অফিসের নাম ও পদবী | মোবাইল/হোয়াইট এ্যাপস নম্বর ও ই-মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ৩২. | মো: আবু মুরাদ | ব্যাক্তিগত সহকারী | ০১৭১৮ ৪৭২ ৬০০ | [signature] |
| ৩৩. | মো: রবিবুল হক | সহকারী সমাজসেবা কর্মকর্তা বাঘিরহ | ০১৭১৯২০৯৪৯০ | [signature] |
| ৩৪. | মো: শাহাদাত হোসেন | JE, LGED | 01711240957 | [signature] 02-03-2 |
| ৩৫. | | | | |
| ৩৬. | | | | |
| ৩৭. | | | | |
| ৩৮. | | | | |



CamScanner